শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধদিপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩
৩৭/৩/এ,ইস্কাটনর্গাডনে রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক ৫৭.২৫.০০০০.০০২.১৭.০১৫.১৮-১০৭

তারখি: ১২.০৬.২০১৮খ্রি:।

বিষয়: বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠাসমূহে ম্যানেজিং কমিটি/গর্ভর্নিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে) এবং সুপারের অবর্তমানে সহকারী সুপার এর স্বাক্ষরে এবং জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার এর প্রতি স্বাক্ষরে শিক্ষক- র্কমচারীদরে বেতন-ভাতাদির (এম পি ও) বিল উত্তোলনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসার স্মারক নং-অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর আবেদন — তারিখ:১০.০৬.২০১৮খ্রি:।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭ — তারিখ:২৩.০৬.২০১৬খ্রি:।
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬ — তারিখ:০৬.০৬.২০১১খ্রি:।
(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/৪৮৪ — তারিখ:০৯.০৭.২০১২খ্রি:।
(৫) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/২(২)/৯৯(অংশ-১)/১২৮৮ — তারিখ:০৫.১০.২০০২খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ ১ নং স্মারক মূলে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত, পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসা, কর্তৃক এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, বিষয়োক্ত মাদরাসার গর্ভণিং বডির মেয়াদ ১৭.০৪.২০১৮ খ্রি: তারিখে শেষ হয়ে যায় ।

০২. মাদরাসার অধ্যক্ষ জনাব মো: হাবিবুর রহমান খান ০৯.০১.২০১৮ খ্রি: তারিখে দূর্নীতির অভিযোগে সাময়িক বরক্ষাস্ত হন। যথাসময়ে তিনি মাদরাসার কাগজ পত্রাদি বুঝিয়ে না দেওয়ায় নিয়মিত গভর্ণিং বডি গঠন করা সম্ভব হয়নি। মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক গত ২১.০৪.২০১৮খ্রি: তারিখে এডহক কমিটি গঠনের জন্য ইসলামি আরবী বিশ্ববিদ্যালয়ে আবেদন করলে তা প্রক্রিয়াধীন আছে।

০৩. এডহক কমিটি গঠন ও অনুমোদন না হওয়া পর্যন্ত অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলন সম্ভব হচ্ছে না। তাই অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন বিলে প্রতিস্বাক্ষর করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে ক্ষমতা প্রদান করার জন্য অধ্যক্ষ, (ভারপ্রাপ্ত) কর্তৃক অত্র অধিদপ্তরে আবেদন করা হয়।

০৪. সূত্রোস্থ ২ নং স্মারক মোতাবেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠাসমূহে ম্যানেজিং কমিটি/গর্ভর্নিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে) এবং সুপারের অবর্তমানে সহকারী সুপার এর স্বাক্ষরে শিক্ষকদের বেতন-ভাতাদি এমপিও উত্তোলনের নিমিত্ত জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক/উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির(এমপিও) বিলে প্রতিস্বাক্ষরের বিধান রয়েছে।

০৫. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসায় নিয়মিত কমিটি/এডহক কমিটি না থাকায় মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির(এমপিও) বিল অধ্যক্ষ (ভারপ্রাপ্ত),পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসা, এর স্বাক্ষরে এবং সূত্রোস্থ ২ নং স্মারক আদেশ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোনা-এর প্রতিস্বাক্ষরে উত্তোলন হওয়া প্রয়োজন।

০৬. এমতাবস্থায় পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসার গভর্ণিং বডি/এডহক কমিটি পুণরায় গঠিত না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রের ২, ৩ ও ৪ নং স্মারক আদেশ অনুসরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, মে/২০১৮ খি: মাসের বেতন-ভাতা (এমপিও) আগামি ২০.০৬.২০১৮ খ্রি: তারিখের মধ্যে উত্তোলন করতে হবে।

12.06.18
(মো: আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ই-মেইলঃ adfinance.dme@gmail.com

১. উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোনা।
২. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত),পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসা।

অনুলিপি:
১.জেলা শিক্ষা অফিসার, নেত্রকোনা।
২.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পূর্বধলা, নেত্রকোনা।
৩.অফিস কপি।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০১৫.১৮-১০৮ তারিখ: ১২.০৬.২০১৮খ্রি:।

বিষয়: নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলাধীন পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসার এপ্রিল/১৮ খ্রি: মাসের বেতন-ভাতা (এমপিও) উত্তোলনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসার স্মারক নং-অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর আবেদন তারিখ:১০.০৬.২০১৮খ্রি:।
(২)শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭ তারিখ:২৩.০৬.২০১৬খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসার কমিটি না থাকায় এপ্রিল/১৮খ্রি: মাসের বেতন ভাতাদি (এমপিও) যথাসময়ে উত্তোলন করতে না পারায় অনুত্তোলিত বেতন ভাতাদি (এমপিও) উত্তোলনের অনুমতির জন্য সূত্রে বর্ণিত (১) নং স্মারকের মাধ্যমে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক আবেদন করা হয়েছে।

০২. সূত্রোস্থ ২ নং স্মারক মোতাবেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠাসমূহে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে) এবং সুপারের অবর্তমানে সহকারী সুপার এর স্বাক্ষরে শিক্ষকদের বেতন-ভাতাদি উত্তোলনের নিমিত্ত জেলার ক্ষেত্রে জেলা প্রশাসক/উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির(এমপিও) বিলে প্রতিস্বাক্ষরের বিধান রয়েছে।

০৩. মাদরাসার অধ্যক্ষ জনাব মো: হাবিবুর রহমান খান ০৯.০১.২০১৮ খ্রি: তারিখে দূর্নীতির অভিযোগে সাময়িক বরক্ষাস্ত হন। যথাসময়ে তিনি মাদরাসার কাগজ পত্রাদি বুঝিয়ে না দেওয়ায় নিয়মিত গভর্নিং বডি গঠন করা সম্ভব হয়নি। মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক গত ২১.০৪.২০১৮খ্রি: তারিখে এডহক কমিটি গঠনের জন্য ইসলামি আরবী বিশ্ববিদ্যালয়ে আবেদন করলে তা প্রক্রিয়াধীন আছে।

০৪. পত্রে বর্ণিত (১) নং স্মারক মোতাবেক পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসার গভর্নিং বডি এডহক কমিটি না থাকায় ইসলামি আরবী বিশ্ববিদ্যালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী গত ০৭.০৪.২০১৮ইং তারিখে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আই. সি. টি) মহোদয়ের নিকট শিক্ষক-কর্মচারীদের বিল প্রতিস্বাক্ষরের জন্য উপস্থাপন করেন। উক্ত বিল উত্তোলনের সময়সীমা ছিল ১০.০৪.২০১৮ ইং তারিখ পর্যন্ত। তিনি সাময়িক বরক্ষাস্তকৃত অধ্যক্ষের বিষয়ে আনুসাঙ্গিক কাগজপত্র দেখতে চান। সকল কাগজ পত্র দাখিল করলে তিনি তা পর্যালোচনা করে গত ২৯.০৪.২০১৮ ইং তারিখে বিলটিতে প্রতিস্বাক্ষর প্রদান করেন এবং তিনি বলেন বেতন-ভাতা এমপিও প্রতিস্বাক্ষরের জন্য মাদরাসা শিক্ষা অধিদপ্তরের অনুমতি প্রয়োজন। উক্ত কারণে মাদরাসার শিক্ষক কর্মচারীদের এপ্রিল/২০১৮ খ্রি. মাসের বেতন-ভাতা (এমপিও) উত্তোলন করা সম্ভব হয়নি।

০৫. এমতাবস্থায়, পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসার শিক্ষক কর্মচারীদের এপ্রিল/২০১৮ খ্রি. মাসের বেতন-ভাতা (এমপিও)সূত্রোক্ত ২ নং স্মারক মতে উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা এর প্রতিস্বাক্ষরে আগামী ২০.০৬.২০১৮খ্রি. তারিখের মধ্যে উত্তোলনের অনুমতি প্রদান করা হলো।

12.06.18

(মো: আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ই-মেইলঃ adfinance.dme@gmail.com

উপ-মহাব্যবস্থাপক
উন্নয়ন পরিকল্পনা ও গবেষণা বিভাগ,
প্রধান কার্যালয়, অগ্রণী ব্যাংক লিঃ।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,পরিবহন পুল ভবন (৯ম তলা)সচিবালয় লিংক রোড ঢাকা।
২। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল।
৩। উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোনা। [ বর্ণিত মাদরাসার বেতন বিলে প্রতিস্বাক্ষর করার অনুরোধসহ]
৪। জেলা শিক্ষা অফিসার, নেত্রকোনা।
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,পূর্বধলা, নেত্রকোনা।
৬। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিঃ, পূর্বধলা শাখা, নেত্রকোনা।
৭। সভাপতি, পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসা, পূর্বধলা, নেত্রকোনা।
৮। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত),পূর্বধলা হোছাইনিয়া ফাযিল মাদরাসা, পূর্বধলা, নেত্রকোনা।
৯। অফিস কপি।